৪৯

দৈনিক ইত্তেফাক

তারিখ 30 DEC 1998
পৃষ্ঠা ... কলাম ...

## প্রাথমিক শিক্ষা জাতীয়করণের দাবীতে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান

গত সোমবার সংগঠনের সভাপতি আবুল কালাম আযাদের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষক সমিতির সভায় দেশব্যাপী নিরক্ষরতা দূরীকরণে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা পুরাপুরি জাতীয়করণের দাবীতে প্রাথমিক শিক্ষকদের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান হয়। সভায় বেসরকারী প্রাথমিক শিক্ষকদের জাতীয় সমাবেশে সৃষ্ট ঘটনায় উদ্বেগ প্রকাশ করিয়া বলা হয়, বিভেদ সৃষ্টির মাধ্যমে প্রাথমিক শিক্ষকদের ভাবমূর্তি বিনষ্টের জন্য একটি মহল দীর্ঘদিন যাবৎ ষড়যন্ত্র করিতেছে। ইহাদের, এজেন্টরা শিক্ষকদের মিথ্যা আশ্বাস দিয়া ঢাকায় জমায়েত করিয়া নিজেদের হীন স্বার্থ আদায় করিয়াছে। প্রেস বিজ্ঞপ্তি।